অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/12/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো পুলিশের কৌশল ও কর্মসূচি ঢেলে সাজানো ও আধুনিকায়নের জন্য নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন

'নিউ ইয়র্ক স্টেট পুলিশ রিফর্ম অ্যান্ড রিইনভেনশন কোল্যাবোরেটিভ' অনুযায়ী স্থানীয় পুলিশ এজেন্সিকে কমিউনিটি ইনপুটের উপর ভিত্তি করে একটি পরিকল্পনা তৈরি করতে হবে

ভবিষ্যৎ স্টেট তহবিলের জন্য যোগ্য হতে পুলিশ বাহিনীকে অবশ্যই 1 এপ্রিল, 2021 এর মধ্যে একটি পরিকল্পনা গ্রহণ করতে হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 'নিউ ইয়র্ক স্টেট পুলিশ রিফর্ম অ্যান্ড রিইনভেনশন কোল্যাবোরেটিভ' নামে একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন – যার ফলে নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট (New York City Police Department, NYPD) সহ স্থানীয় পুলিশ এজেন্সিকে কমিউনিটি ইনপুটের উপর ভিত্তি করে পুলিশের কৌশল এবং কর্মসূচি ঢেলে সাজানো এবং আধুনিকায়নের জন্য পরিকল্পনা তৈরি করতে হবে। প্রতিটি পুলিশ সংস্থার সংস্কার পরিকল্পনায় অবশ্যই থাকতে হবে নীতি, পদ্ধতি, অনুশীলন এবং নিয়োগ, বল ব্যবহার সহ কিন্তু এর মধ্যে সীমাবদ্ধ নয়।

ভবিষ্যৎ স্টেট তহবিলের জন্য যোগ্য হতে পুলিশ বাহিনীকে অবশ্যই 1 এপ্রিল, 2021 এর মধ্যে একটি পরিকল্পনা গ্রহণ করতে হবে এবং নিশ্চিত করতে হবে যে তারা:

1. পুলিশের কৌশল এবং সরঞ্জামের উপর একটি সর্বজনীন এবং উন্মুক্ত প্রক্রিয়ায় স্টেকহোল্ডারদের অন্তর্ভুক্ত করেছে;
2. স্থানীয় পুলিশ বাহিনীর প্রধান নির্বাহী এবং প্রধান কর্তৃক মন্তব্যের জন্য জনগণের কাছে একটি পরিকল্পনা উপস্থাপন করেছে;
3. কোন মন্তব্য বিবেচনা করার পর, এই ধরনের পরিকল্পনা স্থানীয় আইন পরিষদের (কাউন্সিল বা আইনসভা যা যথাযথ) কাছে উপস্থাপন করা হয়েছে যা এই ধরনের পরিকল্পনা অনুমোদন করেছে (হয় স্থানীয় আইন বা সিদ্ধান্তের দ্বারা); এবং
4. যদি এই ধরনের স্থানীয় সরকার এই পরিকল্পনাইয় সম্মতি না দেয়, তাহলে পুলিশ বাহিনী ভবিষ্যতে স্টেট তহবিল পাওয়ার যোগ্য নাও হতে পারে।

"জর্জ ফ্লয়েডের হত্যাকাণ্ডের প্রতিক্রিয়ায় সারা দেশ এবং নিউ ইয়র্ক জুড়ে যে বিক্ষোভ অনুষ্ঠিত হচ্ছে তা আমাদের স্থানীয় পুলিশ এজেন্সির প্রতি কমিউনিটির আস্থা হারানোর বিষয়টি তুলে ধরেছে – একটি বাস্তবতা যা আমাদের দেশের কৃষ্ণাঙ্গ এবং বাদামী মানুষের পুলিশ সংশ্লিষ্ট মৃত্যুর ইতিহাসে ইন্ধন জুগিয়েছে।" **গভর্নর কুওমো বলেন।** "জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তারা অপরিহার্য- তারা আক্ষরিক অর্থেই আমাদের রক্ষা করার জন্য প্রতিদিন নিজেদের বিপদের মুখে ঠেলে দেন। বাস্তবতা অনুসন্ধান এবং কমিউনিটির অর্থবহ ইনপুটের উপর ভিত্তি করে পুলিশের জন্য একটি নতুন পরিকল্পনা তৈরি করতে বাধ্য করার মাধ্যমে এই জরুরি প্রবিধান পুলিশ এবং তারা যেই কমিউনিটিতে সেবা প্রদান করেন সেই কমিউনিটির মধ্যে আস্থা পুনরুদ্ধার করতে সাহায্য করবে।"

জর্জ ফ্লয়েডের মৃত্যুর পরপরই গভর্নর কুওমো বেশ কিছু সংস্কার নীতি পরিকল্পনা করেন- যার নাম "Say Their Name (সে দেয়ার নেম)" এজেন্ডা – যার মধ্যে রয়েছে নাগরিক অধিকার আইনের 50-a সংস্কারের মাধ্যমে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তাদের পূর্ববর্তী শৃঙ্খলামূলক রেকর্ডে স্বচ্ছতা আনা; আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তাদের কর্তৃক শ্বাসরোধ করে ধরা নিষিদ্ধ করা; মিথ্যা জাতি ভিত্তিক 911 রিপোর্ট নিষিদ্ধ করা এবং সেগুলোকে অপরাধে পরিণত করা; এবং আইন প্রয়োগের ফলে নিরস্ত্র বেসামরিক নাগরিকের মৃত্যুর সাথে সম্পর্কিত বিষয়গুলির জন্য একজন অ্যাটর্নি জেনারেলকে স্বাধীন প্রসিকিউটর হিসাবে মনোনীত করা।

আইন প্রয়োগের ফলে নিরস্ত্র বেসামরিক নাগরিকের মৃত্যুর সাথে সম্পর্কিত বিষয়গুলির জন্য একজন অ্যাটর্নি জেনারেলকে স্বাধীন প্রসিকিউটর হিসাবে নিয়োগ সহ গভর্নরের নেওয়া পূর্ববর্তী নির্বাহী পদক্ষেপের উপর ভিত্তি করে এটি গড়ে উঠেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন